দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 NOV 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

# আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশ

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৮৯ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফল গতকাল (বৃহস্পতিবার) প্রকাশিত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন।

আলিম পরীক্ষায় ৩ শত ৩৭ জন ছাত্রীসহ ২২ হাজার ২ শত জন পরীক্ষার্থী অংশ নেয়। তন্মধ্যে ৩ শত ১২ জন প্রথম বিভাগে, ৫ হাজার ১ শত ৫৮ জন দ্বিতীয়

(২য় পৃঃ দ্রঃ)

মাদ্রাসা শিক্ষা বোর্ডের ফল প্রকাশ উপলক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, মাদ্রাসা শিক্ষা উন্নয়নের লক্ষ্যে মাদ্রাসা শিক্ষা কমিশন গঠন করা হইয়াছে। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষা সম্পর্কে অনেকের মনে এই বিভ্রান্তি রহিয়াছে যে, ইহা একটি অনুৎপাদনশীল শিক্ষা। কমিশনের রিপোর্টের প্রেক্ষিতে এই বিভ্রান্তি ঘোচানো সম্ভব হইবে। শিক্ষামন্ত্রী বলেন, মাদ্রাসা শিক্ষাকে সাধারণ শিক্ষার সমপর্যায়ে আনার চেষ্টা করা হইতেছে।

## ফল প্রকাশ

(১ম পৃঃ পর)

বিভাগে এবং ৬ হাজার ১ শত ৯১ জন তৃতীয় বিভাগে পাস করে। পাসের হার শতকরা ৫২ দশমিক ৫৩ ভাগ। চাঁদপুর ফরাজিকান্দি ওয়াইসিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র কাজী মোঃ বোরহানউদ্দিন ৮১৩ নম্বর পাইয়া আলিম পরীক্ষায় প্রথম স্থান অর্জন করে।

ফাজিল পরীক্ষায় পুরাতন পাঠ্যক্রম অনুসারে ১৮ জন ছাত্রীসহ ৩ হাজার ৯শত ১জন পরীক্ষার্থী অংশ নেয়। ২৬ জন প্রথম বিভাগে, ৭ শত ১ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ৭৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। পাসের হার শতকরা ৪৬ দশমিক ২৭ ভাগ। নূতন পাঠ্যক্রম অনুসারে ফাজিল পরীক্ষায় ৯৯ জন ছাত্রীসহ ১১ হাজার ৪ জন পরীক্ষার্থী অংশ নেয়। ৪৬ জন প্রথম বিভাগে ২ হাজার ৭ শত ৪৯ জন দ্বিতীয় বিভাগে এবং ৩ হাজার ৭ শত ৯৫ জন তৃতীয় বিভাগে পাস করে। পাসের হার শতকরা ৫৯ দশমিক ৮৮। ঝালকাঠির নেছারাবাদ ছালেহিয়া আলিয়া মাদ্রাসার মোহাম্মদ অলীউল্যাহ ৭৩২ নম্বর পাইয়া ফাজিল পরীক্ষায় প্রথম স্থান অর্জন করে।

কামিল পরীক্ষায় ২৯ জন মহিলাসহ ৮ হাজার ৪ শত ৪২ জন পরীক্ষার্থী অংশ নেয়। ৯৬ জন প্রথম শ্রেণীতে ৩ হাজার ২ শত ৫০ জন দ্বিতীয় শ্রেণীতে ও ২ হাজার ৫ শত ৭৯ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়। পাসের হার শতকরা ৭০ দশমিক ১৮ ভাগ। ঢাকার মাদ্রাসা-ই-আলিয়ার মোঃ আবুল কালাম ৭৮৬ নম্বর পাইয়া কামিল পরীক্ষায় প্রথম স্থান অর্জন করে।

## আলিম ঃ সম্মিলিত মেধা তালিকা

(ইত্তেফাক রিপোর্ট)

আলিম পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় (সাধারণ ও বিজ্ঞান) প্রথম ঃ চাঁদপুর ফরাজিকান্দি ওয়াইসিয়া আলিয়া মাদ্রাসার

(২য় পৃঃ দ্রঃ)

## আলিম

(১ম পৃঃ পর)

কাজী মোঃ বোরহান উদ্দিন, প্রাপ্ত মোট নম্বর ৮১৩। দ্বিতীয় ঃ একই মাদ্রাসার শায়েখ মাসউদ আহমদ, প্রাপ্ত নম্বর ৭৯৫। তৃতীয় ঃ, নওগাঁর নামাজগড় গাউসুল আজম আলিয়া মাদ্রাসার আবু সাঈদ মোহাম্মদ আলী, প্রাপ্ত নম্বর ৭৫৮। ৪র্থ ঃ যশোর আমিনিয়া আলিয়া মাদ্রাসার মোঃ আব্দুর রাজ্জাক, প্রাপ্ত নম্বর ৭৪৮। ৫ম ঃ জোলাই দারুল উঃ ইসঃ সিঃ মাদ্রাসার (কুমিল্লা) মোঃ মাহমুদুল হাসান, প্রাপ্ত নম্বর ৭৪২। ৬ষ্ঠ ঃ ঢাকার তামিরুল মিল্লাত মাদ্রাসার মুহাম্মদ অহিদুল ইসলাম, প্রাপ্ত নম্বর ৭৪০। ৭ম ঃ কুমিল্লার সোনাকান্দা দারুল হুদা আলিয়া মাদ্রাসার ছায়ীদুর রহমান, প্রাপ্ত নম্বর ৭৩৩। ৮ম ঃ ফরিদপুর বিশ্ব জাকের মঞ্জিল আলিয়া মাদ্রাসার মোঃ জাকির হোসেন, প্রাপ্ত নম্বর ৭৩১। নবম ঃ পিপুলিয়া ইসঃ সিঃ মাদ্রাসার (কুমিল্লা) মোঃ গোলাম মোস্তফা, প্রাপ্ত নম্বর ৭২৬। দশম ঃ যুগ্মভাবে চট্টগ্রাম গহিরা এফ কে জাঃ আলিয়া মাদ্রাসার মোঃ আবুল হাসানাত রব্বানী ও কুমিল্লা ধামতী ইসঃ আলিয়া মাদ্রাসার মোখলেসুর রহমান, প্রাপ্ত নম্বর ৭২৩। একাদশ ঃ যুগ্মভাবে নড়াইল শাহবাদ মজিদিয়া আলিয়া মাদ্রাসার জাহীদ মোঃ নোমান ও কুমিল্লা দশপাড়া হযরত কবির উদ্দিন সিঃ মাদ্রাসার মোঃ মস্তফা হামিদ, প্রাপ্ত নম্বর ৭১৭। দ্বাদশ ঃ ঢাকা আলিয়া মাদ্রাসার ছিদ্দিকুর রহমান, প্রাপ্ত নম্বর ৭১৬। ত্রয়োদশ ঃ চট্টগ্রাম চুনতি হাকিমিয়া আলিয়া মাদ্রাসার জহিরুল হক, প্রাপ্ত নম্বর ৭১৪। চতুর্দশ ঃ কুমিল্লা সোনাকান্দা দারুল হুদা মাদ্রাসার হাবিবুর রহমান, প্রাপ্ত নম্বর ৭১২। পঞ্চদশ ঃ যুগ্মভাবে গাইবান্ধা মহিমাগঞ্জ আলিয়া মাদ্রাসার আহসান হাবিব ও বরগুনা দারুল উলুম সিঃ মাদ্রাসার মোঃ ইলিয়াস কবির, প্রাপ্ত নম্বর ৭০৭।

### ফাজিল ঃ শীর্ষ ৫ জন

ফাজিল (নূতন) পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় প্রথম ঃ ঝালকাঠি নেছারাবাদ ছালেহিয়া মাদ্রাসার মোঃ অলী উল্লাহ, প্রাপ্ত নম্বর ৭৩২। দ্বিতীয় ঃ ঢাকা তামিরুল মিল্লাত মাদ্রাসার মুহাম্মদ আব্দুর রহমান, প্রাপ্ত নম্বর ৬৭০। তৃতীয় একই মাদ্রাসার মোঃ নিজামুদ্দিন, প্রাপ্ত নম্বর ৬৬৮। ৪র্থ ঃ কুমিল্লা ধামতী ইসঃ আঃ মাদ্রাসার মোহাম্মদ আখতারুজ্জামান, প্রাপ্ত নম্বর ৬৫৯। পঞ্চম ঃ কুমিল্লা সোনাকান্দা দারুল হুদা আঃ মাদ্রাসার মোঃ কায়জুল তামীন সরকার, প্রাপ্ত নম্বর ৬৫৭।

### কামিল ঃ শীর্ষ ৫ জন

কামিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় প্রথম ঃ ঢাকা আলীয়া মাদ্রাসার মোঃ আবুল কালাম আজাদ, প্রাপ্ত নম্বর ৭৮৬। দ্বিতীয় ঃ কুমিল্লা সোনাকান্দা দারুল হুদা মাদ্রাসার মোসলেহ উদ্দীন, প্রাপ্ত নম্বর ৭৮২। তৃতীয় ঃ চট্টগ্রাম আলম শাহপাড়া আলীয়া মাদ্রাসার গিয়াসউদ্দিন তালুকদার, প্রাপ্ত নম্বর ৭৭০। ৪র্থ ঃ জামালপুর আরামনগর আলীয়া মাদ্রাসার লোকমান হোসেন, প্রাপ্ত নম্বর ৭৬৭। পঞ্চম ঃ গাজীপুর দুর্বাটি এম, ইউ আলীয়া মাদ্রাসার আবু বকর মোঃ ছিদ্দিকুর রহমান, প্রাপ্ত নম্বর ৭৬০।